দৈনিক খবর

তারিখ ..03 NOV 1992
পৃষ্ঠা... ১ ... কলাম ৭ ...

# চলতি পদ্ধতি সম্পর্কে একটি জরিপ

।।স্টাফ রিপোর্টার।।

এসএসসি পরীক্ষার চলতি পদ্ধতি নকল রোধে ব্যর্থ বলে অধিকাংশ শিক্ষক মনে করেছেন। সম্প্রতি প্রকাশিত এক জরিপ রিপোর্টে এ তথ্য প্রকাশ করা

২ এর পাতায় দেখুন

## চলতি পদ্ধতি

প্রথম পৃষ্ঠার পর

হয়েছে।

এসোসিয়েশন ফর সার্ভে এন্ড প্রোগ্রামিং সিস্টেম (এসাপস)–এর উদ্যোগে আয়োজিত এক জরিপে মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের মধ্যে নমুনা জরিপে শতকরা ৪৯ দশমিক ৭ জন বলেছেন, বর্তমান পরীক্ষা পদ্ধতি নকল প্রতিরোধে ব্যর্থ, শতকরা ৪৫ দশমিক ১ ভাগ মনে করেন নকল প্রতিরোধে এ পদ্ধতি আংশিক সফল এবং মাত্র চার দশমিক ১ ভাগ মনে করেন এ পদ্ধতি সফল। সারাদেশের ২৪টি জেলার এক হাজার ৬৬ জন সরকারী ও বেসরকারী শিক্ষক এ জরিপে অংশগ্রহণ করেন।

পরিচালিত জরিপে শতকরা ৬৮ দশমিক ২ ভাগ শিক্ষক নৈর্ব্যক্তিক প্রশ্নে ভুল উত্তর দিলে নাম্বার কাটার বিধান রাখার পক্ষপাতি এবং রচনামূলক অংশের জন্য পাস নম্বর সর্বনিম্ন শতকরা ৩০–এর উপরে থাকা উচিত বলে মনে করেন। নৈর্ব্যক্তিক অংশের জন্য শতকরা ৪০ ভাগ নম্বর পেয়ে পাস করার পক্ষপাতি শতকরা ৮৩ দশমিক ৬ জন শিক্ষক। শতকরা ৭৫ দশমিক ৫ ভাগ শিক্ষক নৈর্ব্যক্তিক পরীক্ষায় প্রশ্ন ব্যাংকের বিপক্ষে মতামত দিয়েছেন। বর্তমান পাঠ্যসূচী নৈর্ব্যক্তিক প্রশ্ন করার উপযোগী মনে করেছেন ৫৬ দশমিক ৫ জন শিক্ষক এবং শতকরা ৭২ জন শিক্ষকের মতে এইচএসসি পাঠ্যসূচী এসএসসি'র পাঠ্যসূচীর সাথে ধারাবাহিকতা রক্ষা করেনা।